বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায়
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০৬.০০৪.২১.৮৯৫ তারিখ: ১০ ডিসেম্বর, ২০২৫ খ্রি.

বিষয়: মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ হ্রাসসহ সার্বিক ঋণ কার্যক্রমে গতিশীলতা আনয়নে কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন

উপর্যুক্ত বিষয়ে পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের আওতায় সুফলভোগী সদস্যদের চাহিদার ভিত্তিতে প্রকল্প বাস্তবায়ন নির্দেশিকার আলোকে ক্ষুদ্র ও উদ্যোক্তা ঋণ বিতরণ করা হয়ে থাকে। বিতরণকৃত ঋণ কিস্তিতে আদায়, হস্তমজুদ ও আত্মসাৎ রোধকল্পে প্রধান কার্যালয় থেকে বিভিন্ন সময়ে তাগাদা প্রদানের পরও কিছু উপজেলায় প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের উদাসীনতা, অদক্ষতা, যোগসাজস ও তদারকির অভাবে বিপুল পরিমান অর্থ মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণে পরিণতসহ আত্মসাৎ ও হস্তমজুদের মতো অনাকাঙ্খিত ঘটনাও ঘটেছে, ফলে মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ হ্রাস ও সার্বিক কার্যক্রমে গতিশীলতা আনয়নে লক্ষ্যে বিশেষ উদ্যোগ গ্রহন করা প্রয়োজন।

এমতাবস্থায়, যে সমস্ত উপজেলায় মেয়াদোত্তীর্ণ খেলাপীর হার ১০% এর অধিক এবং কিস্তি খেলাপীর হার ৩০% এর অধিক, সে সমস্ত উপজেলায় প্রদত্ত লক্ষ্যমাত্রা অনুযায়ী কিস্তি ও মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ হ্রাসসহ সার্বিক ঋণ কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে জুন, ২০২৬ ভিত্তিক বিশেষ কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক আগামী ২১/১২/২০২৫ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ ও প্রণীত কর্মপরিকল্পনা মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য তাঁকে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১. মেয়াদোত্তীর্ণ ও কিস্তি খেলাপীর হ্রাসের লক্ষ্যমাত্রা
২. কর্মপরিকল্পনার নমুনা

১০/১২/২৫
মোহাম্মদ রাশেদুল আলিম
প্রকল্প পরিচালক
ফোন : ০২-৪১০১০৩৪১
iresppwad@gmail.com

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
উপজেলা: ..............., জেলা: ............... (প্রকল্পভূক্ত সকল উপজেলা)

অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে
১. উপপরিচালক, বিআরডিবি, জেলা:.................... (প্রকল্পভূক্ত সকল জেলা);
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো);
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব,বিআরডিবি, ঢাকা;
৪. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা;
৫. সহকারী পল্লী উন্নয়ন অফিসার, ইরেসপো, উপজেলা: ............., জেলা: ........... (প্রকল্পভূক্ত সকল উপজেলা);
৬. অফিস নথি/গার্ড ফাইল।

## কর্মপরিকল্পনার নমুনা

উপজেলা:................ জেলা:...............

| উদ্যোগ | উদ্যোগ বাস্তবায়নে করণীয় | সমস্যার সঙ্গে জড়িত | | | বাস্তবায়নের কৌশল |
|---|---|---|---|---|---|
| | | সমিতির সংখ্যা | সদস্য সংখ্যা | টাকার পরিমান | |
| ঋণ খেলাপী সদস্য শ্রেণিকরণ | ১) ঋণ পরিশোধের সক্ষমতা থাকার পরও ইচ্ছাকৃতভাবে ঋণ খেলাপী | | | | ➢ সদস্য পর্যায়ে নিবিড় যোগাযোগ<br>➢ প্রযোজ্য ক্ষেত্রে সঞ্চয় সমন্বয়<br>➢ ঋণ পরিশোধের তাগাদা দিয়ে ইউএনও এর নামে মাইকিং<br>➢ ইউআরডিও কর্তৃক নোটিশ প্রদান<br>➢ ইউএনও কর্তৃক লাল নোটিশ প্রদান<br>➢ ওসির মাধ্যমে থানায় তলব করে ঋণ পরিশোধের চূড়ান্ত তাগাদা<br>➢ প্রযোজ্য ক্ষেত্রে উকিল নোটিশ প্রদান<br>➢ সীমিত পরিসরে সার্টিফিটে মামলা দায়ের |
| | ২) সক্ষমতা না থাকায় ঋণ খেলাপী | | | | ➢ সদস্য পর্যায়ে নিবিড় যোগাযোগ<br>➢ প্রযোজ্য ক্ষেত্রে সঞ্চয় সমন্বয়<br>➢ খেলাপী ঋণ উত্তোলন করে সিলিং বৃদ্ধি না করে পূণরায় ঋণ বিতরণ |
| | ৩) মাঠ সংগঠক কর্তৃক আংশিক অর্থ আত্মসাৎ করায় অবশিষ্ট অর্থ খেলাপী | | | | ➢ কোন সদস্যের নিকট হতে কত টাকা উত্তোলন করে আত্মসাৎ করা হয়েছে তা নির্ধারণ<br>➢ আত্মসাৎকৃত অর্থ ব্যতিত ঋণী সদস্যের নিকট হতে অবশিষ্ট বকেয়া অর্থ উত্তোলন<br>➢ আত্মসাৎকৃত অর্থ মূল ঋণ তহবিল হতে পরিশোধ করে সংশ্লিষ্ট সুফলভোগীকে পূণরায় ঋণের আওতায় আনয়ন<br>➢ পরবর্তীতে আত্মসাৎকারীর নিকট হতে আত্মসাৎকৃত অর্থ আদায় করে ঋণ তহবিলে সমন্বয়<br>➢ কারণ উল্লেখপূর্বক সফটওয়্যারে সদস্যওয়ারী আত্মসাৎকৃত অর্থ ঋণ তহবিলে সমন্বয় |
| | ৪) মাঠ সংগঠক নিয়মিত ঋণের কিস্তি উত্তোলন না করায় খেলাপী | | | | ➢ তদারকির জোরদার<br>➢ সংশ্লিষ্ট মাঠ সংগঠকের ব্লকে সারপ্রাইজড ভিজিট<br>➢ মাঠ সংগঠকের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ<br>➢ খেলাপী ঋণ উত্তোলন করে সিলিং বৃদ্ধি না করে পূণরায় ঋণ বিতরণ<br>➢ পূণরায় ঋণ খেলাপী করবেন না এই মর্মে অঙ্গিকারনামা গ্রহণ |
| | ৫) একাধিক সদস্যের অর্থ একজন গ্রহণ করায় খেলাপী | | | | ➢ একাধিক সদস্যের নামে ঋণ গ্রহীতা সদস্যদের চিহ্নিতকরণ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | | ➢ যাদের নামে ঋণ বিতরণ করা হয়েছে তাদের সাথে নিবিড় যোগাযোগ<br>➢ ইউআরডিও কর্তৃক নোটিশ প্রদান<br>➢ ইউএনও কর্তৃক লাল নোটিশ প্রদান<br>➢ ওসির মাধ্যমে থানায় তলব করে ঋণ পরিশোধের চূড়ান্ত তাগাদা<br>➢ উকিল নোটিশ প্রদান<br>➢ সীমিত পরিসরে সার্টিফিটে মামলা দায়ের |
| | ৬) দাদন ব্যবসায়ীদের নিকট থেকে অর্থ এনে ঋণ পরিশোধ করায় খেলাপী | | | | ➢ সদস্য পর্যায়ে নিবিড় যোগাযোগ<br>➢ খেলাপী ঋণ উত্তোলন করে পূণরায় সমপরিমাণ ঋণ বিতরণ |
| | ৭) মৃত/এলাকা ত্যাগী হওয়ায় খেলাপী | | | | ➢ প্রকল্প বাস্তবায়ন নির্দেশিকা মোতাবেক সমন্বয় ব্যবস্থা গ্রহণ |
| আত্মসাৎ ও হস্তমজুদ চিহ্নিত | ১) ঋণ খেলাপী সমিতির পাশবহি অডিটের মাধ্যমে আত্মসাৎ/হস্তমজুদ চিহ্নিত | | | | ➢ মেয়াদোত্তীর্ণ খেলাপী ও কিস্তি খেলাপী সদস্যের পাশবহি অডিটের মাধ্যমে আত্মসাৎ/হস্তমজুদ চিহ্নিতকরণ<br>➢ আত্মসাৎ/হস্তমজুদকারীর নিকট হতে অর্থ আদায়ে নোটিশ প্রদান<br>➢ আত্মসাতের বিষয়ে সুনির্দিষ্ট তথ্যসহ প্রধান কার্যালয়ে অবহিতকরণ<br>➢ প্রয়োজনে আত্মসাৎকারীকে সমিতির দায়িত্ব থেকে অব্যহতি প্রদান করে অন্য মাঠ সংগঠককে দায়িত্ব অর্পন<br>➢ প্রধান কার্যালয়ের অনুমতি সাপেক্ষে আইনগত ব্যবস্থা গ্রহণ |

# খেলাপী ঋণ আদায়ের কর্মপরিকল্পনা

(জানুয়ারি-২০২৬ হতে ডিসেম্বর-২০২৬)

উপজেলা: জেলা:

৩১ ডিসেম্বর-২০২৫ তারিখে: মেয়াদোত্তীর্ণ খেলাপী পরিমান ও হার: ----------লক্ষ টাকা,-----------% কিস্তি খেলাপী পরিমান ও হার: --------------লক্ষ টাকা,----------%

| জানুয়ারী- ২০২৬ হতে জুন -২০২৬ পর্যন্ত খেলাপী ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| জানুয়ারি | | ফেব্রুয়ারি | | মার্চ | | এপ্রিল | | মে | | জুন | | মোট | |
| কিস্তি খেলাপী | মেয়াদোত্তীর্ণ খেলাপী | কিস্তি খেলাপী | মেয়াদোত্তীর্ণ খেলাপী | কিস্তি খেলাপী | মেয়াদোত্তীর্ণ খেলাপী | কিস্তি খেলাপী | মেয়াদোত্তীর্ণ খেলাপী | কিস্তি খেলাপী | মেয়াদোত্তীর্ণ খেলাপী | কিস্তি খেলাপী | মেয়াদোত্তীর্ণ খেলাপী | কিস্তি খেলাপী | মেয়াদোত্তীর্ণ খেলাপী |
| ১০% | ১০% | ১০% | ১০% | ১০% | ১০% | ১৫% | ২০% | ২০% | ২০% | ২৫% | ৩০% | ৮৫% | ১০০% |
| | | | | | | | | | | | | | |

হিসাব সহকারী (ইরেসপো) এআরডিও (ইরেসপো) ইউআরডিও